## এনএটিপি-২ (১ম সংশোধিত), পিআইইউ- ডিএই এর আওতায় ২০২১-২২ এবং ২০২২-২০২৩ অর্থ বছরে বরাদ্দকৃত প্রদর্শনী বাস্তবায়নে অনুসরণীয় শর্তাবলি/নীতিমালা

এনএটিপি-২ (১ম সংশোধিত) অনুসারে পিআইইউ- ডিএই এর আওতায় ২০২১-২২ এবং ২০২২-২০২৩ অর্থ বছরে কৃষক পর্যায়ে দুই ধরনের প্রদর্শনী বাস্তবায়নের সংস্থান রয়েছে- (১) ব্লক/ক্লাস্টার প্রদর্শনী এবং (২) একক প্লট প্রদর্শনী। বরাদ্দকৃত প্রদর্শনীসমূহ বাস্তবায়নের উভয় ক্ষেত্রেই নিম্নোক্ত শর্তাবলি বিশেষ গুরুত্ব সহকারে অনুসরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো। ইতোমধ্যে ২০২১-২২ সালের খরিফ-২তে যে সকল প্রদর্শনী বরাদ্দ দেয়া হয়েছে সেগুলোর ক্ষেত্রেও অত্র শর্তাবলি কার্যকর হবে।

- উল্লেখ্য যে কোভিড-১৯ এ আক্রান্ত বা ক্ষতিগ্রস্ত কৃষক প্রদর্শনী বাস্তবায়নের ক্ষেত্রে প্রাধান্য পাবেন এবং নীতিমালা সকল প্রদর্শনীর ক্ষেত্রে প্রযোজ্য হবে।
- প্রতিটির প্রদর্শনীর বেইজ লাইন তথ্য সংগ্রহ করতে হবে।

<u>ব্লক/ক্লাস্টার প্রদর্শনী:</u>

১. ব্লক/ক্লাস্টার প্রদর্শনী স্থাপনে সিআইজি কৃষককে অগ্রাধিকার দিতে হবে। ব্লক বা ক্লাস্টার স্থাপনের স্বার্থে ক্ষেত্র বিশেষে অতি ন্যূনতম পর্যায়ে নন-সিআইজি কৃষককে অন্তর্ভুক্ত করা যেতে পারে।

২. ব্লক/ক্লাস্টারের প্রতিটি প্লটের মাটির বুনট, ভূ-প্রকৃতি, উর্বরতাশক্তি যতটুকু সম্ভব একই রকম হতে হবে।

৩. কোন একটি ব্লক/ক্লাস্টারে কোন কৃষককে একাধিক প্লট দেয়া যাবে না।

৪. কোন একটি ব্লক/ক্লাস্টার প্রদর্শনীর সকল প্লট ফসলের একই জাত দ্বারা স্থাপন করতে হবে এবং একই মাত্রায় জৈব/রাসায়নিক সার ব্যবহার হবে; ফসলের রোপন তারিখও যতটুকু সম্ভব একই হতে হবে।

ক. <u>ব্লক/ক্লাস্টার প্রদর্শনী: মাঠ ফসল</u>

৫. মোট আয়তনের দিক থেকে ব্লক/ক্লাস্টার প্রদর্শনীর দুইটি ধরন রয়েছে, যথা- (১) এক একর বিশিষ্ট ব্লক/ক্লাস্টার এবং (২) দুই একর বিশিষ্ট ব্লক/ক্লাস্টার প্রদর্শনী। এক একরের বিশিষ্ট ব্লক/ক্লাস্টার প্রদর্শনী ফসলের মধ্যে রয়েছে- গম, ভুট্টা, কলা, সরিষা, আলু, বেগুন, মুগ, মুসুর, পেঁয়াজ ও রসুন এবং দুই একর বিশিষ্ট ব্লক/ক্লাস্টার প্রদর্শনীর মধ্যে রয়েছে- ধান ও টমেটো।

৬. এক একর বিশিষ্ট প্রতিটি ব্লক/ক্লাস্টার প্রদর্শনী ৩- ৪ জন কৃষক এবং দুই একর বিশিষ্ট প্রতিটি ব্লক/ক্লাস্টার প্রদর্শনী ৫- ৭ জন কৃষকের মাঝে বরাদ্দ প্রদান করে বাস্তবায়ন করতে হবে।

৭. প্রতিটি প্লটের এক জন কৃষকের জমির পরিমাণ সর্বনিম্ন হবে ১৫ শতাংশ।

৮. একই ফসলী মাঠে গুচ্ছাকারে পরস্পর পাশাপাশি অথবা নিকটতম দৃষ্টি সীমানায় গুচ্ছাকারের প্রদর্শনী প্লটসমূহ দেখা যায়, এমনই কৃষক ও স্থান ব্লক/ক্লাস্টার প্রদর্শনীর জন্য নির্বাচন করতে হবে। উল্লেখ্য, ক্লাস্টারের বাইরে অর্থাৎ ক্লাস্টার থেকে বিচ্ছিন্ন কোন প্লটে ব্লক/ক্লাস্টার প্রদর্শনীর অংশ বিশেষ স্থাপন করা যাবে না।

খ. <u>ব্লক/ক্লাস্টার প্রদর্শনী: পরিবেশ সুরক্ষা</u>

খ-১. <u>বসত বাড়িতে সবজি বাগান স্থাপন প্রদর্শনী</u>, খ-২. <u>বসত বাড়িতে ফল বাগান স্থাপন প্রদর্শনী</u>

৯. 'বসত বাড়িতে সবজি বাগান স্থাপন' প্রদর্শনীর প্রতিটি ব্লক/ক্লাস্টারের জমির পরিমাণ হবে ৩০- ৪০ শতাংশ এবং কৃষক সংখ্যা হবে ১- ৩ জন এবং 'ফল বাগান স্থাপন' প্রতিটি ব্লক/ক্লাস্টার প্রদর্শনীর জমির পরিমাণ হবে ৩০- ৫০ শতাংশ এবং কৃষক সংখ্যা হবে ২- ৪ জন।

১০. 'বসত বাড়িতে সবজি বাগান' ব্লক/ক্লাস্টার প্রদর্শনী স্থাপনের ক্ষেত্রে পাশাপাশি বসত বাড়িতে প্রদর্শনী স্থাপন করতে হবে,;'বসত বাড়িতে ফল বাগান' ব্লক/ক্লাস্টার প্রদর্শনী স্থাপনের ক্ষেত্রেও একই শর্ত প্রযোজ্য হবে।

খ-৩. ফেরোমন ফাঁদ/হলুদ কার্ড ফাঁদ

১১. ফেরোমন ফাঁদ/হলুদ কার্ড ফাঁদ ব্লক/ক্লাস্টারের প্রতিটি প্রদর্শনীর জমির পরিমাণ হবে ........... শতাংশ এবং কৃষক সংখ্যা হবে ........... ।

১২. ব্লক/ক্লাস্টারের প্রতি প্লট গুচ্ছাকারে পরস্পর পাশাপাশি অথবা নিকটতম দৃষ্টি সীমানায় গুচ্ছাকারে স্থাপিত হবে।

ব্লক/ক্লাস্টার প্রদর্শনীর উপকরণ বিতরণ ও কৃষক ব্রিফিং:

১৩. উপজেলাস্থ ব্লক/ক্লাস্টারের নির্বাচিত সকল কৃষক কোন একটি নির্দিষ্ট দিনে উপজেলা কৃষি অফিসে উপস্থিত হয়ে প্রদর্শনীর সামগ্রিক উপকরণ গ্রহণ করবেন। এ ক্ষেত্রে প্রতিটি ক্লাস্টারের কৃষককে একত্রিত করে উপকরণ বুঝিয়ে দিতে হবে। প্রতিটি প্রদর্শনীর অনুমোদিত ভাংতি অনুযায়ী ব্যয় নির্বাহ করতে হবে।

১৪. উপকরণ বিতরণের পূর্বে ক্লাস্টারের কৃষকগণকে প্রদর্শনী বিষয়ক হ্যান্ড-আউট সহযোগে সংক্ষিপ্ত ব্রিফিং/প্রশিক্ষণ প্রদান করতে হবে।

একক প্রযুক্তি প্রদর্শনী:

১৫. এনএটিপি ফেজ- ১ ভুক্ত (পুরাতন) উপজেলা এবং এনএটিপি ফেজ- ২ ভুক্ত (নতুন) উপজেলার ভিত্তিতে একক প্রযুক্তি প্রদর্শনীর দুইটি শ্রেণি রয়েছে। নিম্নে এনএটিপি ফেজ- ১ (পুরাতন) উপজেলা ও এনএটিপি ফেজ- ২ (নতুন) উপজেলায় ফসলভিত্তিক প্রদর্শনীর জমির পরিমাণ ও কৃষক সংখ্যা উল্লেখ করা হলো:

| ফসল | এনএটিপি ফেজ- ১ (পুরাতন) উপজেলা | | এনএটিপি ফেজ- ২ (নতুন) উপজেলা | |
|---|---|---|---|---|
| | প্রদর্শনী প্রতি জমির পরিমাণ (শতাংশ) | প্রদর্শনী প্রতি কৃষক সংখ্যা (জন) | প্রদর্শনী প্রতি জমির পরিমাণ (শতাংশ) | প্রদর্শনী প্রতি কৃষক সংখ্যা (জন) |
| ধান (বোরো) | ১০০ | ১- ২ | ৪৫ | ১ |
| ধান (আউশ, আমন), মুগ | ১০০ | ১- ৩ | ৪৫ | ১ |
| গম | ১০০ | ১- ৩ | ৩৩ | ১ |
| ভুট্টা | ৬৬ | ১- ৩ | ২৫ | ১ |
| গ্রীষ্মকালীন টমেটো, বেগুন | ১৫ | ২- ৩ | ০.০৫ | ১ |
| আলু, পেঁয়াজ, রসুন, কলা, মুসুর, সরিষা | | | | |

১৬. এনএটিপি ফেজ- ১ (পুরাতন) উপজেলাসমূহে প্রদর্শনী প্রতি একাধিক কৃষক নির্বাচনের ক্ষেত্রে ব্লক/ক্লাস্টার প্রদর্শনীর ন্যায় একই মাঠে পাশাপাশি অথবা নিকটবর্তী দৃষ্টি সীমানার মধ্যে নির্বাচিত প্লটসমূহে প্রদর্শনী স্থাপন করতে হবে।

১৭. কমিউনিটি বীজ উৎপাদন: ফসল- ধান (বোরো, আউশ ও আমন): এনএটিপি ফেজ- ১ (পুরাতন) উপজেলা ও এনএটিপি ফেজ- ২ (নতুন) উপজেলা- উভয় ক্ষেত্রেই প্রতি প্রদর্শনীর জন্য জমির পরিমাণ ৩৩ শতাংশ এবং কৃষক সংখ্যা ১ জন।

১৮. ভ্যালিডেশন ট্রায়াল: ফসল- ধান (বোরো/আউশ/আমন), গম, ভুট্টা, টমেটো, বেগুন, মুগ, মসুর, সরিষা: এনএটিপি ফেজ- ১ (পুরাতন) উপজেলা ও এনএটিপি ফেজ- ২ (নতুন) উপজেলা- উভয় ক্ষেত্রেই প্রতি ট্রায়ালের জন্য ফসল ভিত্তিক জমির পরিমাণ ১০- ৪৫ শতাংশ এবং কৃষক সংখ্যা- ১ জন।

১৯. ব্লক/ক্লাস্টার প্রদর্শনীর অনুরূপ একক প্রযুক্তি প্রদর্শনী, কমিউনিটি বীজ উৎপাদন প্রদর্শনী এবং ভ্যালিডেশন ট্রায়ালের ক্ষেত্রেও প্রদর্শনীর কৃষকগণ কোন একটি নির্দিষ্ট দিনে উপজেলা কৃষি অফিসে উপস্থিত হয়ে প্রদর্শনীর সামগ্রিক উপকরণ গ্রহণ করবেন।

২০. উপকরণ বিতরণের পূর্বে প্রদর্শনীর কৃষকগণকে প্রদর্শনী বিষয়ক হ্যান্ড-আউট সহযোগে সংক্ষিপ্ত ব্রিফিং/প্রশিক্ষণ প্রদান করতে হবে।

তথ্যাদি সংগ্রহ ও সংরক্ষণ:

২১. প্রদর্শনীর সকল তথ্য আবশ্যিকভাবে নিম্নোক্ত বিবরণে উল্লিখিত ফরমেটে প্রদর্শনী রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে।

২২. প্রদর্শনীর তথ্যাদি সংগ্রহ ও সংরক্ষণের নিমিত্ত অত্র সঙ্গে ৪টি ফরমেট সংযুক্ত করা হলো: (১) ফরমেট-১ (মাঠ ফসলের ক্ষেত্রে প্রযোজ্য), (২) ফরমেট-২ (বসত বাড়িতে সবজি বাগান স্থাপন প্রদর্শনীর ক্ষেত্রে প্রযোজ্য), (৩) ফরমেট-৩ (বসত বাড়িতে ফল বাগান প্রদর্শনী স্থাপনের ক্ষেত্রে প্রযোজ্য) এবং (৪) ফরমেট- ৪ (ফেরোমন ফাঁদ/হলুদ কালার কার্ড ফাঁদ প্রদর্শনীর ক্ষেত্রে প্রযোজ্য)।
**উল্লেখ্য, একক প্রযুক্তি প্রদর্শনী/ভ্যালিডেশন ট্রায়ালের ক্ষেত্রে কৃষক সংখ্যার ভিত্তিতে ফরমেট- ১ এ কন্ট্রোল প্লট/কৃষক প্রেকটিসসহ সকল তথ্যাদি প্রদর্শনী রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে।**

২৩. ফরমেট-৩ ব্যতিত প্রতিটি ফরমেটের ৪ টি অংশ রয়েছে- অংশ- ক: প্রদর্শনী কৃষক পরিচিতি, অংশ- খ: বেস লাইন সংক্রান্ত তথ্যাবলি, অংশ- গ: প্রদর্শনী সংক্রান্ত তথ্যাবলি এবং অংশ- ঘ: প্রদর্শনী প্রযুক্তি গ্রহণ সংক্রান্ত তথ্যাবলি।

২৪. প্রতিটি ফরমেটের (ফরমেট- ১, ২, ৩ ও ৪) "অংশ-ক ও খ" অনুযায়ী উপর্যুক্ত শর্তাবলির আওতাভুক্ত সকল প্রকার প্রদর্শনীর বেস লাইন তথ্যাদি প্রদর্শনী কৃষক ও প্রদর্শনী প্লট নির্বাচনের সাথে সাথেই আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে।

২৫. ফরমেটের "অংশ- গ" অনুযায়ী প্রদর্শনী বাস্তবায়নকালীন রেজিস্টারে তথ্যাদি হাল-নাগাদ করতে হবে।

২৬. ফরমেটের "অংশ- ঘ" অনুযায়ী প্রদর্শনী বাস্তবায়নের পরবর্তী বছরে রেজিস্টারে তথ্যাদি লিপিবদ্ধ হবে।

২৭. যে সকল ইউনিয়নে ফিয়াক রয়েছে, সে সকল ইউনিয়নের ফিয়াকে প্রদর্শনী রেজিস্টারটি সংরক্ষিত থাকবে।

২৮. যে সকল ইউনিয়নে ফিয়াক স্থাপিত হয় নাই, সে সকল ইউনিয়নের এসএএও গণ হাল-নাগাদ তথ্যাদি লিপিবদ্ধ করে প্রদর্শনী রেজিস্টারটি সংরক্ষণ করবেন; রেজিস্টারটি যে কোন সময় পরিদর্শনকারী কর্মকর্তাকে প্রদর্শনের বাধ্যবাধকতা থাকবে।

২৯. এনএটিপি-২ (১ম সংশোধিত), ডিএই এর আওতায় প্রদর্শনীসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে অত্র শর্তাবলি/নীতিমালার পাশাপাশি পূর্বে জারীকৃত প্রদর্শনী সংক্রান্ত নীতিমালা (কতিপয় সংশোধন ব্যতিত) যথযথভাবে অনুসরণীয় হবে।

১৭/১১/২০২২

( আজহারুল ইসলাম সিদ্দিকী )
পরিচালক